# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods
(Request for Quotation Method)

**আরএফকিউ নং-৩৪/২০২৩-২০২৪**

ঢাকা পবিস-৩

ISO 9001:2015 Certified

## ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গেন্ডা, সাভার, ঢাকা।

**ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ৭ম বার্ষিক সদস্য সভার "সদস্য বিজ্ঞপ্তি" ও "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" মুদ্রন সামগ্রী সরবরাহের জন্য দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।**

---


**প্রশাসন বিভাগ**
**ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩**
**গেন্ডা, সাভার, ঢাকা।**

**web: www.pbs3.dhaka.gov.bd, E-mail: dhakapbs3@gmail.com**
ফোন নং- ০১৭৬৯৪০১৯৯০


16/10/23

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

মোঃ রাশেদুল [illegible]
এজিএম(প্রশাসন)
ঢাকা পবিস-৩

ঢাকা পবিস-৩

ISO 9001:2015 Certified

**ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩**
DHAKA PALLI BIDYUT SAMITY-3
গেন্ডা, সাভার, ঢাকা।

সদর দপ্তর-প্রশাসন বিভাগ
টেলিফোন নং : ০২-২২৪৪৪৪৫১৫
**E-Mail:** dhakapbs3@gmail.com
**Website:** www.pbs3.dhaka.gov.bd
**Skype:**dhakapbs3,**Twitter:**dhakapbs3

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৩. ২৫০৭

তারিখঃ ৩১ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ।
১৬ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ।

..........................................
..........................................
..........................................

**বিষয়ঃ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ৭ম বার্ষিক সদস্য সভার "সদস্য বিজ্ঞপ্তি" ও "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" মুদ্রন সামগ্রী সরবরাহের জন্য দরপত্র (RFQ) আহবান প্রসঙ্গে।**

## RFQ No- 34/2023-2024

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ৭ম বার্ষিক সদস্য সভার "সদস্য বিজ্ঞপ্তি" ও "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" সরবরাহ করণের জন্য নিম্নোক্ত বর্ণনা ও শর্ত মোতাবেক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বর্ণিত কাজের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী প্রকৃত ঠিকাদারী/ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বর্নিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে (RFQ) পদ্ধতির মাধ্যমে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ(টি) | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১. | ৭তম বার্ষিক সাধারণ **" সভার বিজ্ঞপ্তি"** সাইজ: ১০"×৭.৫" ৪৭ গ্রাম সুপার নিউজ প্রিন্ট কাগজে ১ পাতার ১ পৃষ্ঠা কালো কালির মুদ্রন (সংযুক্ত নমুনা মোতাবেক) | ৪,৮৫,০০০ টি | | |
| ০২. | নির্বাচন সংক্রান্ত **"জ্ঞাতব্য বিজ্ঞপ্তি"** সাইজ: ৯.৫"×৭.২৫" ৪৭ গ্রাম সুপার নিউজ প্রিন্ট কাগজে অফসেট ছাপা ২ পাতার উভয় পৃষ্ঠা মুদ্রন (সংযুক্ত নমুনা মোতাবেক) | ১,১২,০০০টি | | |
| | মোট= | | | |

**শর্তাবলীঃ**

০১। আগামী ২৩/১০/২০২৩খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার এই ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র স্ব স্ব স্থানে একই দিন অর্থাৎ ২৩/১০/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকায় দরদাতাদের সম্মুক্ষে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। দরপত্র খামের উপর "সদস্য বিজ্ঞপ্তি" ও "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" সরবরাহ দরপত্র" স্পষ্টাক্ষরে লিখতে হবে। দর দাখিলের পূর্বে অবশ্যই নমুনা ও স্পেসিফিকেশন দেখে দর দাখিল করতে হবে এবং তদানুযায়ী সমস্ত মালামাল সরবরাহ করতে হবে। নমুনা ও স্পেসিফিকেশন মোতাবেক না হলে মালামাল গ্রহণ করা হবে না।

০৩। দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমদর হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা(২০০৮) এর ৯৮ অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

০৪। দরপত্রের সাথে দরদাতা হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট রেজিষ্ট্রেশন, ব্যাংক সলভেন্সী এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।বিলের সাথে মূসক চালান ৬.৩ অবশ্যই দাখিল করতে হবে।

০৫। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মুল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

০৬। ঢাকা পবিস-৩ এর কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন।

০৭। কার্যাদেশ প্রদানের পর অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে এবং ঢাকা পবিস-৩ কর্তৃপক্ষ মালামালের পরিমান হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

০৮। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

16/10/2023

(এম.এম. আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট-এ বহুল প্রচারের অনুরোধ সহ)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর,বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
০৩। জেলা প্রশাসক, ঢাকা।
০৪। পুলিশ সুপার, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,-----------------পবিস ১/২/৩/৪
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার/ধামরাই, ঢাকা।
০৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা (উত্তর), বাপবিবো, ঢাকা।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ,ঢাকা।
০৯। মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।
১০। ডিজিএম (সদর দপ্তর –কারিগরী) , ১/২/৩/৪/৫/৬/৭, জোনাল অফিস, ঢাকা পবিস-৩।
১১। এজিএম (ওএন্ডএম), রাজাশন/ফুলবাড়ীয়া সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-৩।
১২। এজিএম (অর্থ- হিসাব), ঢাকা পবিস-৩।
১৩। এজিএম (আইটি), ঢাকা পবিস-৩ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১৪। মেসার্স------------------------------------------।
১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ঢাকা পবিস-৩।
১৬। অফিস কপি/মাষ্টার কপি।

16/10/2023

(এম.এম. আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৩ . ২৫৬৭ (৩৪/২০২৩-২০২৪), তারিখঃ ১৬/১০/২০২৩ খ্রিঃ।

প্রতি,
জেনারেল ম্যানেজার
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গেন্ডা, সাভার, ঢাকা।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী **৭ম বার্ষিক সদস্য সভার "সদস্য বিজ্ঞপ্তি" ও "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" সরবরাহ "** করণের জন্য প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়------------------------------------------

আমার /আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯ এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **-----/১০/২০২৩খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ:

# কার্য সম্পাদনের মূল্য তালিকা

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৩. ২৫৫৭ (৩৪/২০২৩-২০২৪), তারিখঃ ১৬/১০/২০২৩ খ্রিঃ।

| ক্রঃ নং | দরপত্র নং | আইটেমের বিবরণ | পরিমাণের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | কার্য সমাপ্তির স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১ | ৩৪/২৩-২৪ | ৭তম বার্ষিক সাধারণ **"সভার বিজ্ঞপ্তি"** সাইজ: ১০"×৭.৫" ৪৭ গ্রাম সুপার নিউজ প্রিন্ট কাগজে ১ পাতার ১ পৃষ্ঠা কালো কালির মুদ্রন (সংযুক্ত নমুনা মোতাবেক) | টি | ৪,৮৫,০০০ | | | | ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ |
| | | নির্বাচন সংক্রান্ত **"জ্ঞাতব্য বিজ্ঞপ্তি"** সাইজ: ৯.৫"×৭.২৫" ৪৭ গ্রাম সুপার নিউজ প্রিন্ট কাগজে অফসেট ছাপা ২ পাতার উভয় পৃষ্ঠা মুদ্রন (সংযুক্ত নমুনা মোতাবেক) | টি | ১,১২,০০০ | | | | |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা। |
| মোট মূল্য টাকায় (কথায়) | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত কার্যসম্পদনের জন্য মোট মূল্য------------------------------------------------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ----------------------------(ক্রয় আদেশ জারির তারিখ থেকে) |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | প্রযোজ্য নয় |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের -----------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমি/আমাদের প্রস্তাব -------/------/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭, ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে কাজের মান ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

৩। মালামাল সমূহ নিজ দায়িত্বে গ্রহণ, সরবরাহ ও কাজ সম্পন্ন করতে হবে।

৪। মালামালের গুণগত মান ও কাজের শেষে যাচাই পূর্বক সন্তোষজনক বিবেচিত হলে বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

# আবশ্যিক কাজের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | দরপত্র নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | - | - | - | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকাঃ**

১. কলাম ১,২,৩ ও ৪ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৫ ও ৬ প্রযোজ্য নয়।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারী প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগীতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগীতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অর্ন্তভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবিশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

স্মারক নং- ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৩৭ ২৫৫৭ তারিখঃ-১৬/১০/২০২৩খ্রিঃ

**"সদস্য বিজ্ঞপ্তি" ও "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" মুদ্রন সামগ্রী সরবরাহ ক্রয়"** করণের আদেশ।

| | |
|---|---|
| কোটেশন নম্বর: ৩৪/২০২৩-২০২৪ | তারিখ: ১৬/১০/২০২৩ খ্রিঃ। |
| প্রতি:<br>[ কার্যসম্পাদনকারীর নাম ও ঠিকানা]<br>-------------------------------- | |
| কার্যসম্পাদনের তারিখ:------------------------------------- | সরবরাহকৃত কার্যসম্পাদনের মোট মূল্য: টাকা-------------------<br>----------- |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী -------------------তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহ কারিগরী বিনিদের্শ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| **ক্রয়াদেশকৃত পণ্যসমূহ** |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের(সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

## কার্যসম্পন্ন করণ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ০৭ (সাত)দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীন নিকট গ্রহণযোগ্য,যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. ঢাকা পবিস-৩ এর বার্ষিক সদস্য সভা উপলক্ষ্যে **"সদস্য বিজ্ঞপ্তি" ও "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" মুদ্রন সামগ্রী** যাবতীয় মালামাল পরিবহন করে দিয়ে যেতে হবে।

৬. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং,তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৭. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৮. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৯. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

১০. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা কাজের পরিমাপের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। কাজ সমাপ্তির পর চালানের জমা এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১১. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২. মোট চুক্তি মূল্য টাকা অংকে-------------------------কথায়---------------------------------------------------।

১৩. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৪. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৫. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৬. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৭. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৮. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের বা কাজের মান ক্ষতি হলে পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| 16/10/2023<br>(এম.এম.আবুল কালাম আজাদ)<br>জেনারেল ম্যানেজার<br>ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩<br>গেন্ডা, সাভার, ঢাকা। | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |